

শ্রীশ্রীহরি সঙ্গীত

৭৫

- ৩। অনন্ত না পেল অন্ত, মহিমা ভেবে এক ধূল।
ও সে বর্ণেশ্বরী, বর্ণহারী, সমর্পিল জাতিকুল ॥
- ৪। ও তাঁর রূপ গুণের শেষ, না পেয়ে শেষ, পাতালেতে করল ছুল।
ও তাঁর নাম মাহাত্ম্য ব্রহ্মার সূত, জানতে গিয়ে নামাক্ কুল ॥
- ৫। বলে স্বামী মহানন্দ, অশ্বিনী তুই হ আউল।
ও তুই কি সুখ পেয়ে ভুলে রলি; দেখে ভবের শিমুল ফুল ॥

১০৪ নং তাল-গড়খেমটা

- গুরু পুণ্য ফাঁসি গলায় দিলে, ধর্ম বেড়ী পায়।
লয়ে তত্ত্বমসি দাঁড়াও আসি, যাতে মোর মুক্তির বন্ধন কেটে যায় ॥
- ১। ভুক্তি মুক্তি দুই চাপড়ানী,
আমায় ভোগ বিলাসে, অষ্টপাশে বাঁধতে চায় আসি।
তাই দেখে চিন্তা মহিষী, নয়ন জলেতে বয়ন ভেসে যায় ॥
- ২। নিবৃত্তি নামেতে ভগিনী,
আমার বন্ধন দেখে, মন দুঃখে হয় বিষাদিনী।
আমার শাস্তিময়ী জননী যিনি, ঐ দুঃখে পাষাণে বুক বেঁধে রয় ॥
- ৩। * গুরুকৃপা সত্যের কাছরী,
হ'য়ে শশব্যস্ত, এই দরখাস্ত করি হুজুরী।
যেন স্বর্গ জেল এড়াতে পারি, নিবেদন করি গুরুর রাজা পায় ॥
- ৪। বিবেক নামেতে ভাই আমার,
অপীল ক'রতে প্রেম বিলাতে হ'লেন অগ্রসর।
বেখে অনুরাগ ভক্তি জুরিদারে, শ্রদ্ধা অর্থব্যয় ক'রল এ মামলায় ॥
- ৫। তারকচাঁদ কেঁদে কেঁদে কয়,
এই মানসা ওড়াকান্দি, হরিচাঁদের পায়।
অশ্বিনী যদি খালসা হয়, চির দাস করে দিব রাজা পায় ॥

* গুরুকৃপা-পূর্ণব্রহ্মা শ্রীশ্রীহরিচাঁদের পুত্র গুরুচাঁদের কৃপা